দৈনিক ইনকিলাব

251

তারিখ ... AUG. 1 4 1999 ...
পৃষ্ঠা ৩ কলাম ২ ...

# ঢাকা ভার্সিটি ক্লিনিক্যাল সাইকোলজির বিশেষ কোর্সে ভর্তির দরখাস্ত আহ্বান

প্রেস বিজ্ঞপ্তি ঃ ঢাকা বিশ্ববিদ্যালয়ের ক্লিনিক্যাল সাইকোলজি বিভাগে ১৯৯৭-১৯৯৮ শিক্ষাবর্ষে স্নাতকোত্তর বিশেষ কোর্সে ভর্তির জন্য দরখাস্ত আহবান করা হয়েছে। যে সকল ছাত্র-ছাত্রী মনোবিজ্ঞান বিষয়ে অনার্স পরীক্ষায় উচ্চতর দ্বিতীয় শ্রেণী পেয়েছে, তারা এই কোর্সে ভর্তির জন্য আবেদন করতে পারবে।

আগ্রহী প্রার্থীদেরকে নিজের নাম, পিতার নাম, জাতীয়তা, জন্ম তারিখ, বর্তমান ও স্থায়ী ঠিকানা, ফোন নম্বর, বর্তমান পেশা, বৈবাহিক অবস্থা, সকল পরীক্ষার সত্যায়িত নম্বরপত্রসহ স্বহস্তে লিখিত দরখাস্ত আগামী ২৫ আগস্টের মধ্যে বিভাগীয় অফিসে জমা দিতে হবে। যেসব আবেদনকারীর মানসিক স্বাস্থ্য সম্পর্কিত বিষয়ে অভিজ্ঞতা রয়েছে, তারা অগ্রাধিকার পাবে।